

বিকাশরায় প্রোডাকশন্স প্রাইভেট লিঃএর
নিবেদন



স্বর্গ মত্ত

জনতা
রিভিউ

৬-৭-৫৪

Edna Lorenz

বিকাশবাহ্য প্রোডাক্‌সন্স প্রাইভেট লিঃ এন্ড
সংশ্লিষ্ট নিবেদন
স্বর্গ মর্ত্য

চিত্রনাট্য ও পরিচালনা : অসীম শাল

সঙ্গীত পরিচালনা : কালিন্দর সেন

প্রযোজনা : সুনীল বাবুচৌধুরী

কাহিনী : প্রতাপ মুখোপাধ্যায়

সংলাপ : শৈলেশ দে

গীতরচনা : গৌরীপ্রসন্ন মজুমদার

চিত্রগ্রহণ : অনিল গুপ্ত

শব্দধারণ : বাণী দত্ত

সম্পাদনা : কমল গাম্বুলী

কর্মসচিব : বেণু রায়

শিল্পনির্দেশ : সুনীল সরকার

রূপসজ্জা : নৃপেন চট্টোপাধ্যায়

পটশিল্প : কবি দাশগুপ্ত

প্রচার : রঞ্জিত কুমার মিত্র

যন্ত্র সঙ্গীত : ক্যালকাটা অর্কেষ্ট্রা পরিচয় লিখন : বিরাজ সেনগুপ্ত

কৃতজ্ঞতা স্বীকার : শ্রীতুমারকান্তি ঘোষ, শ্রী কে, এল, দত্ত ।

সহকারী বৃন্দ

পরিচালনা : অসীম রায় চৌধুরী

চিত্রগ্রহণ : জ্যোতি লাহা, কেপ্ট মণ্ডল

শব্দধারণ : ঋষি বন্দোপাধ্যায়, পাঁচু মণ্ডল

সম্পাদনা : প্রতুল রায় চৌধুরী

শিল্প নির্দেশ : রবি দত্ত

আলোক সম্পাত : হরেন গাম্বুলী ।

সহকারী ব্যবস্থাপনা

সত্য কর, মহেন্দ্র বিশ্বাস, হীরেন সাহা ।

রূপসজ্জা : বৈজুরাম ।

আলোক সম্পাত : সুধীর, অভিমন্যু, দুখী,

সুদর্শন, অবনী ও মারু ।

পরিষ্কৃটন : কৃষ্ণ চন্দ্র মুখোপাধ্যায়,

স্থিরচিত্র : কান্তিভাই (এডনা লরেঞ্জ)

ক্যালকাটা মুভিটোন ষ্টুডিওতে আর, সি, এ শব্দযন্ত্রে গৃহীত ও

বেঙ্গল ফিল্ম ল্যাবরেটোরিজ-এ পরিষ্কৃটিত ।

একমাত্র পরিবেশক :

জনতা পিক্‌চাৰ্‌স্‌ এণ্ড থিয়েটার্‌স্‌ লিঃ

স্বর্গ মর্ত্য

ভূমিকা

ভুল...ভুল...মহাভুল...

শ্রীচিন্তাহরণ চট্টরাজ আর শ্রীলালমোহন সান্তাল বেটাইমে বেকায়দায় চারশো বিশ নম্বরের ভুলে ল্যাং খেয়ে শ্রীহীন ৩ হয়ে গ্যাছে। আর সেই ভুলের খেসারৎ দিতে গিয়ে বেচারী ধর্মরাজের এত দিনকার চাকরী, পেন্সন নেবার সময় পর্য্যন্ত পৌঁছেও, প্রায় খতম হবার যোগাড় হয়েছে।

জ্যোতিষী হাত দেখে বলেছিল চিন্তাহরণের আয়ু আরও পঁয়ত্রিশ বছর আর লালমোহনের চল্লিশ। আনবার কথা ছিল পঁচাশি বছরের বুড়ো হেঁপো রুগী একটা লোককে। কোন খোঁজ খবর না করেই, শ্রেফ বাহাদুরী দেখাতে গিয়ে, চারশো বিশ নম্বরের দূত চিন্তাহরণ আর লালমোহনকে ধরে এনেছে।

সারা ডিপার্টমেন্টে হৈ চৈ পড়ে

গ্যাছে, বস্তা বস্তা খেরো বাঁধানো
খাতা উঠছে নামছে, অপমানে
লাঞ্ছনায় ধর্মরাজের মাথা
গোলমাল হবার উপক্রম—
আর চিন্তাহরণ লালমোহন
গ্যাট হয়ে পায়ের ওপর
পা দিয়ে বসে বলছে—





“যামু না ! আপনাগোর ভাটিখানার ইন্চার্জ কইর্যা ছান্
খামু, দামু, নাচ দেখুম ।

কিন্তু তাদের কথা শুন্লে তো আপিস চালানো যায়
না, তাছাড়া চারশো বিশ নম্বরের বিরুদ্ধে ডিপার্টমেন্টাল
শাস্তির ব্যবস্থাও করতে হয় । অনেক বুঝিয়ে সূঝিয়ে
ফেরত পাঠানো হোলো চিন্তাহরণ আর
লালমোহনকে—

কিন্তু এবারেও গোলমাল করলো •
চারশো বিশ নম্বর ! আর তার
ফলেই..... !



স্বপ্ন

সুরা বিনা প্রাণের বীণায়
সুর জমে কি হায়
স্বরগের এই সুধার আবেশ
মর্মে যে জন পায় ।
দিনগুলি তার স্বপ্ন মধুর
ছন্দে ভরে যায় ।

ম্যন প্রাণ বিনা গায়ে তো ক্যয়সে
গায়ে সৃজন গায়ে
প্রেম সুধারস জিসনে পিয়া
সোয়র্গ কো উসনে হায় ঠুকরায়
প্রাণ হাসে জীবন মুসকায়ে
গায়ে সজন গায়ে ।

ম্যনু সুখদি নিঁদনা আওয়ে
ম্যয় গিন গিন পাঁওয়া লিকা
সৃজন দিয়ঁ রেজে উডিকা
ক্যালেরাজা ম্যন ষাঁবরায়ে
জিনা প্রেম সুধা রস পিতা
উনা জাননু সৃদকে কীতা
সানেয়ঁদি ইয়াদ্ সতাওয়ে
ম্যন সুখদি নিঁদনা আওয়ে

(২)

মধু রাতে বধু তুমি কাছে ডাকো
ভাল লাগে তুমি যবে পাশে থাকো ।

তোমারে হারাই বুঝি
মনে শুধু এই ভয়,
এক তিল না হেরিলে
শত যুগ মনে হয় ।
এসো আরো কাছে স'রে কথা রাখো ।

লাজে নত মুখ খানি
শুধু আমি দেখি চেয়ে,
কবে নাকো কিছু মোরে
আজ এত কাছে পেয়ে ।

তুমি আছ এ ভুবনে
হাসি গান আছে তাই,
আমি যে তোমার ভেবে
আপনারে ভুলে যাই,
তুমি ছাড়া কিছু আর জানি নাকো ।





(৩)

হায় বিরহ নদীর দুটি তীরে
তুমি আর আমি দৌঁছে রবো ।
আকাশের চাঁদ হবে তুমি
আমি যে চকোরী হায় হবো ।

এই রাত এই মধু তিথি
ফুল আর দধিনার গীতি,
জানি এ জীবনে আসিবে না ফিরে,
সে বেদনা হাসি মুখে সবো ।

আর তো হবে না কভু দেখা
যাবে দিন জানি একা একা ।
হাসি ভুলে যদি কভু কাঁদি,
আলো ভেবে ছায়া বুকে বাধি,
তবু ধুলি হতে ঝরে যাওয়া মালা
তব নামে হাতে ভুলে লবো ।
আমি যে চকোরী হায় হবো ।





ভূমিকায় ৪

ভানু বন্দ্যোঃ, জীবেন বোস,

মঞ্জু দে, শীলা শাল, নবদ্বীপ হালদার, তুলসী চক্রবর্তী, শ্যাম লাহা,

অমর মল্লিক, মিহির ভট্টাচার্য্য, তরুণ কুমার, সন্ধ্যা দেবী,

আরতি দাশ, আশা দেবী, শান্তা দেবী, উষা দেবী,

নৃপতি চট্টোঃ, অজিত চট্টোঃ, সৌরীন ঘোষ,

প্রীতি মজুমদার, মনি শ্রীমানি, রতন,

শঙ্কর, ভানু রায়, মিনু ও

বিকান্ন রায়



বাঙলা ছায়াচিত্রে বলিষ্ট প্রচেষ্টা

উত্তম কুমার সাবিত্রী চ্যাটার্জী

অভিনীত



অবধূত বিরচিত
বিকাশরায় প্রোডাকসন্স প্রাইভেট লি: এর

মরুতীর্থ হিংলাড

পরিচালনা. বিকাশ রায় • সঙ্গীত. হেমন্ত মুখার্জী

• জনতা রিলিজ •